

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
আইসিটি শাখা



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব
সভার তারিখ	১৪ জানুয়ারি ২০২০
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব, মোহাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভার ২০১৯-২০ অর্থ বছরের উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার যান্মাসিক অগ্রগতি প্রতিবেদন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

০২। উদ্ভাবনী বার্ষিক কর্মপরিকল্পনার প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কার্যক্রম ১.১, ১.২, ১.৩, ৫.১, ৬.১, ৯.২, ৯.৩, ১০.১, ১০.২, ১২.১, ও ১৩.১, যথাসময়ে সম্পন্ন হয়েছে। কার্যক্রম ২.১ এ বছরে ৬ টি ইনোভেশন সভা অনুষ্ঠিত হবার কথা থাকলেও গত ৬ মাসে ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। কার্যক্রম ২.২ এ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়। কার্যক্রম ৪.১-এ এক দিনের কর্মশালা/ সেমিনার আয়োজন করা হবে মর্মে জানান হয়। এছাড়া, পেট্রোবাংলা ও বিপিসি পৃথক পৃথকভাবে একটি করে একদিনের কর্মশালা/ সেমিনার, শোকেসিং ও অধিনস্থ কোম্পানীদের নিয়ে সভা আয়োজন করতে পারে মর্মে সভায় একমত পোষণ করেন। কার্যক্রম ৪.২ ও ৪.৩ এ “উদ্ভাবনী, সেবা সহজীকরণ প্রশিক্ষণ প্রসঙ্গে সভাকে অবহিত করা হয় যে, গত ৯-১০ অক্টোবর ২০১৯ ও ২৯-৩০ ডিসেম্বর ২০১৯ সময়ে পৃথক পৃথকভাবে ২ দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।


০৩। কার্যক্রম ৬.২, ৭.১, ৭.২, ৮.১, ৯.১, ১০.৩, ১১.১, ১৩.৩, ১৪.১, ১৪.২ ১৫.১, ১৫.২, ১৫.৩, ও ১৫.৪ প্রক্রিয়াধীন আছে। কার্যক্রম ১৩.২ এ “আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থায় সাথে ইনোভেশন টিমের সভা আয়োজন” প্রসঙ্গে সভাকে জানান হয় যে, বছরে ৩ টি সভা আয়োজন করতে হবে। এর মধ্যে ১টি সভা গত ২৮ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। বাকি দুটি সভা আগামী ৩১-৩-২০২০ ও ১৪-৫-২০২০ তারিখে অনুষ্ঠিত হবে। কার্যক্রম ৮.১ এ একটি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন এবং ১২.২: একটি সেবা পদ্ধতি সহজীকরণ সারাদেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন, যা মন্ত্রণালয়ের উদ্ভাবনীর সাথে প্রযোজ্য নয়। সভাপতি প্রতিটি কার্যক্রমে যত্নশীল হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী	সিদ্ধান্ত বাস্তবায়নের শেষ সময়
৪.১	আগামী ৩০ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে ইনোভেশনের যান্মাসিক প্রতিবেদন তৈরি করতে হবে এবং ৫ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সদস্য সচিব	৩০-০১-২০১৯
৪.২	পেট্রোবাংলা ও বিপিসিকে পৃথক পৃথকভাবে একটি ইনোভেশনের কর্মশালা/সেমিনার আয়োজন করতে হবে এবং এ বিভাগকে অবহিত করতে হবে।	পেট্রোবাংলা ও বিপিসি	মে ২০২০

৪.৩	পেট্রোবাংলা ও বিপিসিকে পৃথক পৃথকভাবে একটি ইনোভেশনের শোকেসিং আয়োজন করতে হবে এবং এ বিভাগকে অবহিত করতে হবে।	পেট্রোবাংলা ও বিপিসি	মে ২০২০
৪.৪	পেট্রোবাংলা ও বিপিসিকে পৃথক পৃথকভাবে কোম্পানীদের নিয়ে একটি ইনোভেশনের সভা আয়োজন করতে হবে এবং এ বিভাগকে অবহিত করতে হবে।	পেট্রোবাংলা ও বিপিসি	মে ২০২০
৪.৫	উদ্ভাবনী প্রতিটি কার্যক্রম নিষ্ঠার সাথে সম্পাদন করতে হবে	সদস্য সচিব	_

৩.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জিল্লুর রহমান চৌধুরী  
যুগ্মসচিব


স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১২

তারিখ: ১৬ মাঘ ১৪২৬

৩০ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, বাজেট অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোঃ জিল্লুর রহমান চৌধুরী  
যুগ্মসচিব